গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০
www.mor.gov.bd

**রেলপথ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ফাহিমুল ইসলাম<br>সচিব |
| সভার তারিখ | ৩০ ডিসেম্বর, ২০২৪ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (৯৩০) ও জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: সভাপতি সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-কে আহবান জানান। সভায় রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২৪) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়), পুনঃউপযোজন, আইবাস++ সিস্টেম সংক্রান্ত জটিলতা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) পাওয়ার পয়েন্টের মাধ্যমে কার্যপত্র ও বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

০২। <u>আলোচ্যসূচি-১</u>: **বিগত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতিঃ**

বিগত ১৮ সেপ্টেম্বর ২০২৪ অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২৪) বাজেট বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্ত ছকে দেয়া হলোঃ

| ক্র: নং | সিদ্ধান্ত | ২০২৪-২৫ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|

| | | |
|---|---|---|
| (ক) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক এবং ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে , **পরিচালন ব্যয়ের গ-১** ফরমে, **উন্নয়ন ব্যয়ের গ-২** যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের নির্ধারিত সময়ে তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে। | ১। সচিবালয় হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী**রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে , **পরিচালন ব্যয়ের গ-১** ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট **০৭ অক্টোবর ২৪ ইং** পাওয়া গেছে।<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে , **পরিচালন ব্যয়ের গ-১** ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট **২৩ অক্টোবর ২৪ ইং** পাওয়া গেছে।<br>৩। বাংলাদেশ রেলওয়ে **হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ** কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরম ব্যতীত আংশিক তথ্য ও (আইবাস রিপোর্ট বিহীন) ০৬ নভেম্বর ২০২৪ ইং পাওয়া গেছে। পরিচালন ব্যয় ( সাধারণ কার্যক্রম) এর ১১৭ টি ডিডিওর মধ্যে ৮২ টি ডিডিওর তথ্য **পরিচালন ব্যয়ের গ-১ তথ্য ২৪ অক্টোবর ২৪ ইং** পাওয়া গেছে, তবে আইবাস রিপোর্ট পাওয়া যায়নি। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর তথ্য ২৮ টি বাজেট ইউনিট হতে **পরিচালন ব্যয়ের গ-১** ফরম ব্যতীত অনির্ধারিত ছকে আংশিক তথ্য (আইবাস রিপোর্ট ব্যতীত) **২৪ অক্টোবর ২০২৪** পাওয়া গেছে।<br>৪। বাংলাদেশ রেলওয়ের ২৯ টি প্রকল্প পরিচালক হতে **উন্নয়ন ব্যয়ের গ-২** তথ্য **২৩ অক্টোবর ২০২৪** পাওয়া গেছে, তবে আইবাস রিপোর্ট পাওয়া যায়নি।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। সহকারী সচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়<br>৫। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে |
| (খ) | বাংলাদেশ রেলওয়ের তিনটি প্রধান অংশ (১) মহাপরিচালক কার্যালয়, (২) পূর্বাঞ্চল ও (৩) পশ্চিমাঞ্চল রাজস্ব আয়ের প্রতিটি খাতের অর্থনৈতিক কোড ভিত্তিক আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং আইবাস++ সিস্টেমে যথাযথভাবে তার এন্ট্রি প্রদান করতে হবে। | ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে (১) মহাপরিচালক কার্যালয়, (২) পূর্বাঞ্চল ও (৩) পশ্চিমাঞ্চল ভিত্তিক রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তবে আইবাস এ তা প্রতিফলিত হয় না। ২০২৩-২৪ অর্থবছরের প্রতি কোয়ার্টার ভিত্তিক রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও অর্জনের অগ্রগতির তথ্য (অর্থ বিভাগ নির্ধারিত ফরমে) প্রেরণ করা হয়নি। ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব আয় আইবাস এ প্রতিফলিত হয়নি এবং কোন অটোজেনারেটেড রিপোর্ট পাওয়া যায়নি।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে |
| (গ) | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটকে ২০২৪-২৫ অর্থবছর হতে পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে প্রস্তাব ০১ আগষ্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে প্রেরণ করতে হবে। | ০১ আগষ্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণ করে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড়, মন্জুরী প্রস্তাব প্রেরণের জন্য অর্থ বিভাগের নির্দেশনা প্রতিপালনের জন্য ২৬৩ স্মারক তারিখ ২৬ ডিসেম্বর ২০২৪ প্রেরণ করা হয়।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক( অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| (ঘ) | বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয় এবং পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর তথ্য এন্ট্রি ও প্রতিবেদন সঠিকভাবে আইবাস ++ সিস্টেমে বাস্তবায়ন ও বাজেট ইউনিট একীভূত করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ<br><br>(১) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়- আহবায়ক<br>(২) যুগ্ম সচিব (বাজেট-৫ অধিশাখা), অর্থ বিভাগ- সদস্য<br>(৩) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে- সদস্য<br>(৪) অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে- সদস্য<br>(৫) মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে- সদস্য<br>(৬) মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে- সদস্য<br>(৭) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা- সদস্য-সচিব<br><br>কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ রেলওয়েররাজস্ব আয় এবং পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর যাবতীয় কাজ সঠিকভাবে আইবাস ++ সিস্টেমে বাস্তবায়ন, বাংলাদেশ রেলওয়ের বাজেট ইউনিট একীভূত করা ও বাজেট সংশ্লিষ্ট এতদ্বিষয়ক যে কোন সুপারিশ প্রদান করিবে। | এ বিষয়ে (১) মহাপরিচালক কার্যালয়ভুক্ত ২৪ টি বাজেট ইউনিট সমন্বয়ে ২৫ নভেম্বর ২০২৪ রেলভবন, ঢাকা (২) পূর্বাঞ্চলভুক্ত ৪৯ টি বাজেট ইউনিট সমন্বয়ে ১৬ অক্টোবর ২০২৪ চট্টগ্রাম এবং (৩) পশ্চিমাঞ্চলের ৪৪ টি বাজেট ইউনিট সমন্বয়ে ০৩ নভেম্বর ২০২৪ রাজশাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। এতে (ক) মহাব্যবস্থাপক পূর্ব/পশ্চিম দপ্তর এর প্রাতিষ্ঠানিক গ্রুপ কোডভুক্ত আইন শাখা এবং প্রচারণা ও জনসংযোগ শাখা একীভূত করে পার্সোনাল শাখায়, (খ) কেন্দ্রীয়াঞ্চলের আওতাভুক্ত প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয় এর অধীন ০৪ টি বাজেট ইউনিট (ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট) কে একীভূতকরণ (গ) প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী এর অধীন প্রশাসনিক জিও জারীর প্রেক্ষিতে ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট এ নতুন ০৪ টি নতুন বাজেট ইউনিট সৃজন (ঘ) প্রশাসনিক জিও জারীর প্রেক্ষিতে চিফ কমান্ড্যান্ট, আরএনবি পূর্ব/পশ্চিম এর অধীন কমান্ড্যান্ট, ঢাকা ও চট্টগ্রাম/কমান্ড্যান্ট, পাকশী ও লালমনিরহাট এবং সহকারী কমানডেন্ট, সৈয়দপুর নামে মোট ০৫ টি নতুন বাজেট ইউনিট সৃজন (ঙ) প্রশাসনিক জিও জারীর প্রেক্ষিতে বক্ষব্যাধি হাসপাতাল, চট্টগ্রাম নামে নতুন বাজেট ইউনিট সৃজন (চ) প্রশাসনিক জিও জারীর প্রেক্ষিতে উর্ধ্বতন কল্যাণ কর্মকর্তা পূর্ব/পশ্চিম এর আওতাধীন বাংলাদেশ রেলওয়ের ১০ টি স্কুলের অনুকূলে নতুন বাজেট ইউনিট সৃজন এর প্রস্তাব বিবেচনা করা হয়। চুড়ান্তভাবে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এর নিকট ডিডিও যৌক্তিকীকরণ (একীভূত বা সৃজন) এর জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক আদেশ, অর্থবিভাগ ও জনপ্রশাসনের জিও, জনবল বিবরণী, পৃথক বাজেট ইউনিট সৃজনের যৌক্তিকতা বিবরণ প্রমানকসহ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ৫ ডিসেম্বর ২০২৪ ইং ২৫৩ নং স্মারকে বাজেট ও পরিবীক্ষণ বিভাগ হতে অনুরোধ পত্র প্রেরণ করা হয়। রাজস্ব আয়ের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের ১১৭ টি বাজেট ইউনিট এর জন্য সম্ভাব্য ৭৫ টি অর্থনৈতিক কোড চিহ্নিত করা হয়। বর্তমানে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রস্তুতকরণের লক্ষ্যে সকলকে ফরম-৭ দাখিলের জন্য বলা হয় এবং এ লক্ষ্যে বাজেট প্রশিক্ষণের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।<br><u>বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:</u><br>সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |
| (ঙ) | সকল মন্ত্রণালয় ও বিভাগের ন্যায়বাংলাদেশ রেলওয়ের অবসর ভাতা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অর্থ বিভাগ হতে পরিচালনা করার জন্য এ সংক্রান্ত অনুরোধ পত্র অর্থ বিভাগ এ প্রেরণ করিতে হবে। | এ বিষয়ে রেলপথ মন্ত্রণালয় হতে ২৩ অক্টোবর ২০২৪ তারিখ ২১৭ নং স্মারকে অনুরোধ পত্র অর্থ বিভাগ এ প্রেরণ করা হয়।<br><u>বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:</u><br>১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>২। অতিরিক্ত মহাপরিচালক( অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা |
| (চ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্বস্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হবে। | এ সংক্রান্ত কোন প্রতিবেদন প্রেরণ করা হয়নি।<br><u>বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:</u><br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| (ছ) | বাজেট বাস্তবায়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিটসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে নিয়মিতভাবে বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা ওয়ার্কশপ আয়োজন করিতে হবে। | মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ হতে ১৫ অক্টোবর ২০২৪ ইং তারিখ প্রশিক্ষণ বিষয়ক গাইডলাইন প্রস্তুত করা হয়। তা অনুসরণে বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট প্রশিক্ষণ আয়োজন করছে।<br>মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের বাজেট ইউনিট বাজেট বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করে।<br>সচিবালয় ও রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে বাজেট বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয় নি।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। উপসচিব প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয় |
| (জ) | বাংলাদেশ রেলওয়ের যে সকল বাজেট ইউনিট রাজস্ব আয় ও পরিচালন ব্যয় সম্পর্কিত প্রতিবেদন এবং জনবল, টিওএন্ডই, প্রশিক্ষণ, আউটসোর্সিং সংক্রান্ত নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করেনি তাদের আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন/তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ০৬ টি বাজেট ইউনিট হতে প্রশিক্ষণ মডিউল পাওয়া গেছে।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |
| (ঝ) | বাংলাদেশ রেলওয়ের আয়-ব্যয় হিসাব নির্ধারণ পদ্ধতির কষ্ট এসেসমেন্ট বিষয়ে সচিব, রেলপথ মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা আহ্বানের জন্য অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কোন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হয় নি।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |
| (ঞ) | আইবাস ++ সিস্টেমে জটিলতায় হিসাব দেখা না গেলে ম্যানুয়ালে A-Challan এর কপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কর্তৃক সংরক্ষণ ও হিসাব নিয়মিতভাবে লেজারে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতি মাসে এর হিসাববিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | কোন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হয় নি।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |
| (ট) | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বৈদেশিক সহায়তা বা অর্থ ব্যয়কে গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে। এটিকে অগ্রাধিকার দিয়ে প্রকল্প ব্যয়ের বিষয়ে বিশেষ সতর্কতা গ্রহণ করতে হবে। | এ বিষয়ে কোন প্রতিবেদন প্রেরণ করা হয় নি।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা অনুবিভাগ)<br>৩। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| (ঠ) | ২০২৪-২৫ অর্থবছরের এপিপি ও বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (বিআইপি) সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের ২০২৪-২৫ অর্থবছরের প্রথম কোয়ার্টার সমাপ্তির পূর্বে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় ২০২৪-২৫ অর্থবছরের এপিপি ও বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (বিআইপি) যথাসময়ে প্রেরণ করে।<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর ২০২৪-২৫ অর্থবছরের এপিপি ও বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (বিআইপি) যথাসময়ে প্রেরণ করে।<br>৩। বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট এর মধ্যে ২০২৪-২৫ অর্থবছরের এপিপি ও বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (বিআইপি) আংশিক প্রেরণ করা হয়।<br>৪। ২৯ প্রকল্প পরিচালক ২০২৪-২৫ অর্থবছরের এপিপি ও বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (বিআইপি) প্রেরণ করা হয়।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর<br>৩। বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট।<br>৪। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| (ড) | ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব, পরিচালন ও উন্নয়ন বাজেটের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অগ্রগতির প্রতিবেদন আগামী অক্টোবর/২০২৪ মাসের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তর যথাসময়ে প্রেরণ করে।<br>২। বাংলাদেশ রেলওয়ের ১১৭ টি বাজেট ইউনিট যথাসময়ে প্রেরণ করে নাই।<br>৩।প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে যথাসময়ে প্রেরণ করে।<br>**বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা:**<br>১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও<br>৩। বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট।<br>৪। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে। |

৩। **আলোচ্যসূচি-২: রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২৪) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২৮৮৪,৯৫,৯৫,০০০ টাকা এবং ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর২০২৪) এ অর্জিত হয়েছে ৩৫৯,৯৫,১৮,০০০ টাকা যা মোট লক্ষ্যমাত্রার ১২.৪৭%।

**রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেট সার-সংক্ষেপ**

(অংকসমূহ হাজার টাকায়)

| বিবরণ | বাজেট (সংশোধিত) ২০২৩-২৪ | বাজেট ২০২৪-২৫ |
|---|---|---|
| পরিচালন ব্যয় | ৩৯৫৪,৩৭,৩৫ | ৪৩৪৬, ৪৬,১৫ |
| উন্নয়ন ব্যয় | ১৩১১৮,১২,০০ | ১৩৭২৫,৬৪,০০ |
| সর্বমোট= | ১৬০৭২,৪৯,৩৫ | ১৮০৭২,১০,১৫ |

**রাজস্ব প্রাপ্তি**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত আয়) |
|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ৪,৯৫ | ১৮ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | - | - |
| সর্বমোট= | ৪,৯৫ | ১৮ |
| মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে (কেন্দ্রীয়াঞ্চল) | ১৬০,০০,০০ | ৩৮,৭৫,০০ |
| জেনারেল ম্যানেজার (পূর্ব) কার্যালয়সমূহ, বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) | ১৫৬৪,৯৫,০০ | ২০৬,১৫,০০ |
| জেনারেল ম্যানেজার (পশ্চিম) কার্যালয়সমূহ, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) | ১১৫৯,৯৬,০০ | ১১৫,০৫,০০ |
| সর্বমোট (বাংলাদেশ রেলওয়ে) | ২৮৮৪,৯১,০০ | ৩৫৯,৯৫,০০ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | **২৮৮৪,৯৫,৯৫** | ৩৫৯,৯৫,১৮ (১২.৪৭%) |

০৪। আলোচ্যসূচি-৩ : রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) পরিচালন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

২০২৪-২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আলোকে অধীনস্থ দপ্তর/পরিদপ্তর হিসেবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়েভুক্ত ১১৭ টি বাজেট ইউনিটের প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরুপ:

**পরিচালন ব্যয়**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) |
|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ১৬,৬৩,১৫ | ১,৯৫,৮৫ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ৮৫,০০ | ১৯,৩৯ |
| বাংলাদেশ রেলওয়ে | ৪৩২৮,৯৮,০০ | ১০০৭,২৫,২৩ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | **৪৩৪৬, ৪৬,১৫** | **১০০৯,৪০,৪৭ (২৩.২২%)** |

**পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম)**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) |
|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ১৬,৬৩,১৫ | ১,৯৫,৮৫ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ৮৫,০০ | ৮৫ |
| বাংলাদেশ রেলওয়ে | ১৭১৩,৮৯,৯৬ | ৩১২,৮২,৫২ |
| **সর্বমোট ( রেলপথ মন্ত্রণালয়)** | **১৬০৫,৫৮,২৮** | **৩১৪,৭৯,২২ (১৯.৬০%)** |

**পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম)**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) |
|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | - | - |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | - | - |
| বাংলাদেশ রেলওয়ে | ২৬১৫,০৮,০৪ | ৬৯৪,৪২,৭১ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | | ৬৯৪,৪২,৭১ (২৬.৫৫%) |

**পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) বিশ্লেষণ:**

| | |
|---|---|
| বাংলাদেশ রেলওয়ে ২০২৪-২৫ অর্থবছর মোট বরাদ্দ : | ২৬১৫,০৮,০৪,০০০ টাকা |
| বিশেষ কার্যক্রম ২০২৪-২৫ অর্থবছর (১ম কোয়ার্টার) মোট ব্যয় : | ৬৯৪, ৪২,৭১,৭০০ টাকা |

| | |
|---|---|
| (ক) পরিচালন কার্যক্রমঃ- | |
| মোট বরাদ্দ: | ৪৮৫,৯৫,০০,০০০ টাকা |
| ১ম কোয়ার্টার ব্যয়: | ২০৩,২৮,৭৬,০০০ টাকা |
| (খ) মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমঃ- | |
| মোট বরাদ্দ: | ৫২৫,৯৬,১৬,০০০ টাকা |
| ১ম কোয়ার্টার ব্যয়: | ৬৩,৭৪,৯০,১০০ টাকা |
| (গ) মূলধনী অনিশ্চিত হিসাব কার্যক্রমঃ-তথ্য নেই | |
| মোট বরাদ্দ: | ২৫০,০০,০০,০০০ টাকা |
| ১ম কোয়ার্টার ব্যয়: | তথ্য নেই |
| (ঘ) সম্পদ সংগ্রহ ব্যবস্থাপনা কার্যক্রমঃ- | |
| মোট বরাদ্দ: | ২৬৪,৭২,৩৪,০০০ টাকা |

| | |
|---|---|
| ১ম কোয়ার্টার ব্যয়: | ১৫০, ৭২,২৪,৯০০ টাকা |
| (ঙ) অবসর ভাতা ব্যবস্থাপনা কার্যক্রমঃ- | |
| মোট বরাদ্দ: | ১০৮০,৩৫,০০,০০০ টাকা |
| ১ম কোয়ার্টার ব্যয়: | ২৭৬,৬৬,৮০,৭০০ টাকা |

সভায় উল্লেখ করা হয় রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা **৪৩৪৬, ৪৬,১৫,০০০** টাকা এবং **১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২৪)** এ প্রকৃত ব্যয় হয়েছে **১০০৯,৪০,৪৭,০০০** টাকা যা লক্ষ্যমাত্রার ২৩.২২%। অর্থবিভাগ কর্তৃক নির্ধারিত গ-১ ফরমে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর পরিচালন ব্যয়ের প্রতিবেদন প্রেরণ করে এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট ১১৭টির মধ্যে ৮২টি বাজেট ইউনিট অর্থনৈতিক কোডের বিপরীতে পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) এর লক্ষ্যমাত্রা ও ব্যয়ের তথ্য প্রদান করে। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট ৫৭টির মধ্যে ২৮টি বাজেট ইউনিট অর্থনৈতিক কোডের বিপরীতে লক্ষ্যমাত্রা ও ব্যয়ের তথ্য প্রদান করে। প্রতি কোয়ার্টার শেষে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে বাজেট ইউনিট ভিত্তিক অর্থনৈতিক কোডের বিপরীতে কোয়ার্টার ভিত্তিক বিস্তারিত পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ও অর্জন প্রেরণের জন্য সংশ্লিষ্ট ডিডিওদের-কে অনুরোধ করা হয়।

০৫। <u>আলোচ্যসূচি-৪:</u> রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২৪) উন্নয়ন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

২০২৪-২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আলোকে অধীনস্থ বাংলাদেশ রেলওয়ের ২৯ টি প্রকল্পের প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরুপ:

**উন্নয়ন ব্যয়**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৪-২৫ | | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | |
|---|---|---|---|---|
| | জিওবি | ডিপিএল | জিওবি | ডিপিএল |
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ১৮৪,২২,০০ (সংরক্ষিত) | ৪১৬,০৩,০০ | - | - |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | - | - | - | - |
| বাংলাদেশ রেলওয়ে | ৪১৭০,০৭,০০ | ৮৯৪২,৬৪,০০ | ২০৪,৪৪,৩৮ | ৮২০,৪১,৯৭ |
| সর্বমোট (বাংলাদেশ রেলওয়ে) | ১৩১২৫,৩৯,০০ | | ১০২৪,৮৬,৩৫ | |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | ১৩৭২৫,৬৪,০০ | | **(৭.৪৬%)** | |

সভায় উল্লেখ করা হয় রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে উন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা ১৩৭২৫,৬৪,০০,০০০ টাকা এবং প্রকৃত ব্যয় হয়েছে ১০২৪,৮৬,৩৫,০০০ টাকা যা লক্ষ্যমাত্রার ৭.৪৬%।বাংলাদেশ রেলওয়ের ২০২৪-২৫ অর্থবছরের ২৯ টি প্রকল্প রয়েছে। তবে উন্নয়ন ব্যয়ের আইবাস রিপোর্ট পাওয়া যায়নি। দ্রুত সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে ১ম কোয়ার্টার সমাপান্তে আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে।

৬। <u>আলোচ্যসূচি-৫:</u> রেলপথ মন্ত্রণালয় ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২৪) ২০২৪-২৫ অর্থবছরের পুনঃ উপযোজন সংক্রান্ত পর্যালোচনা:

চলতি ২০২৪-২৫ অর্থবছরে ১ম কোয়ার্টার সংক্রান্ত পুন:উপযোজনে সর্বমোট অফিস আদেশ হয় ০৬ টি এবং এতে মোট অর্থের পরিমাণ ১৯.১৪ কোটি টাকা।

**<u>২০২৪-২৫ অর্থবছরের পুন:উপযোজনের সারসংক্ষেপ</u>**

[অংকসমূহ হাজার টাকায়]

| ক্র:নং | বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব | | রেলপথ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত অর্থ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | স্মারক ও তারিখ | চাহিত অর্থ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ১৯ ০৮/০৮/২০২৪) | ২৫৫২৫ | - | ২০২৩৯ | ০৩ মাসের জন্য প্রদেয় অর্থ(স্কুল) |
| ২. | ২৪ ১৯/০৮/২০২৪) | ৪৬৫ | - | ৪৬৫ | বেতন ভাতাদি |
| ৩. | ৩৪ ২৮/০৮/২০২৪) | ৩৬০ | - | ৩৬০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | ৭৬ (১১/১১/২৩) | ২১৬৭৫৮ | - | ১৫০০০০ | অনিয়মিত (শ্রমিক) মজুরি |
| ৫. | ৮৪ (১৯/১১/২৪) | ১৬৬ | - | ১৬৬ | মোটরযান রক্ষণাবেক্ষণ, আপ্যায়ন ভাতা, মোবাইল এবং আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা |
| ৬. | ৮৬ (২১/১১/২৪) | ৫৭১২৭৩৫ | - | ২০২৩৯ | ০৩ মাসের জন্য প্রদেয় অর্থ (স্কুল) |
| | সর্বমোট= | ৩৪,০১,৩৫ | | ১৯,১৪,৬৯ | |

**৭। <u>আলোচ্যসূচী-৬:</u> রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন সংক্রান্ত এপিপি ও বিআইপি অগ্রগতি পর্যালোচনা:**

**এপিপি সংক্রান্ত তথ্য:** সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে এপিপি পাওয়া যায়। বাংলাদেশ রেলওয়ের সর্বমোট বাজেট ইউনিট ১১৭ এর মধ্যে এপিপি পাওয়া গেছে-৬১ টি এবং পাওয়া যায়নি-৫৬ টি।

**বিআইপি সংক্রান্ত তথ্য:** সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের ৮২ টি বাজেট ইউনিট হতে বিআইপি পাওয়া যায়।

**৮। <u>আলোচ্যসূচী-৬:</u> আইবাস ++ সিস্টেম সংক্রান্ত জটিলতা পর্যালোচনা:**

সভায় উল্লেখ করা হয় বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট এর পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর তথ্য প্রদর্শনের/এন্ট্রির ক্ষেত্রে আইবাস ++ সিস্টেমে পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) এর ন্যায় একাউন্টিং বা প্রতিবেদন এ প্রতিফলন হচ্ছেনা। একইভাবে বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট এর কোয়ার্টারভিত্তিক বিআইপি, লক্ষ্যমাত্রা ও অর্জন, অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব আয়ের তথ্য প্রদর্শনের/এন্ট্রির ক্ষেত্রে আইবাস++ সিস্টেমে একাউন্টিং বা প্রতিবেদন এ প্রতিফলন হচ্ছেনা।

০৯। **বিবিধ আলোচনা:**

উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) সভায় জানান বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট কর্তৃক বিদ্যমান জনবল, আউটসোর্সিং/টিএলআর, কম্পিউটার সামগ্রী, অফিস সরঞ্জাম এবং প্রশিক্ষণ ইত্যাদি নির্ধারিত ফরমে তথ্য চেয়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি এ বিষয়ে অধিকাংশ ডিডিওর তথ্য পাওয়া যায়নি। বাজেট প্রস্তুতকরণ, বাজেট অর্থছাড় ও পুনঃউপযোজন যথাযথভাবে সম্পাদনের জন্য এ তথ্য জরুরি মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন।

অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয় জানান, বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটকে ২০২৪-২৫ অর্থবছরের পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে প্রস্তাব ০১ আগষ্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪. ১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে যথাশীঘ্র প্রেরণ করতে হবে। বাংলাদেশ রেলওয়ের বাজেট ইউনিট একীভূত বা সৃজনের লক্ষ্যে চূড়ান্তভাবে বাজেট ইউনিট যৌক্তিকীকরণ (একীভূত বা সৃজন) কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক আদেশ, অর্থবিভাগ ও জনপ্রশাসনের জিও, জনবল বিবরণী, পৃথক বাজেট ইউনিট সৃজনের যৌক্তিকতা বিবরণ প্রমানকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সচিব, রেলপথ মন্ত্রণালয় জানান বাজেট বিষয়ক অর্থ বিভাগের নির্দেশনা ও আর্থিক বিধিবিধান অনুসরণে বাজেট বাস্তবায়ন কার্যক্রম সম্পাদনের জন্য দিনব্যাপী মন্ত্রণালয় ও রেলওয়ের বাজেট ইউনিট সমন্বয়ে বাজেট বিষয়ক সেমিনার বা ওয়ার্কশপ করা প্রয়োজন। বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয় অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোডভিত্তিক নির্ধারিত ফরমে তথ্য প্রদানের জন্য যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে কে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

০৯। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|

| | | |
|---|---|---|
| (ক) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক ১ম- ৪র্থ কোয়ার্টার এর রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে, পরিচালন ব্যয়ের গ-১ ফরমে, উন্নয়ন ব্যয়ের গ-২ যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের নির্ধারিত সময়ে তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। সহকারী সচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়<br>৫। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে |
| (খ) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট রাজস্ব আয়ের প্রতিটি খাতের অর্থনৈতিক কোড ভিত্তিক আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও কোয়ার্টারভিত্তিক অর্জনের অগ্রগতি রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে প্রেরণ করতে হবে। ইতিমধ্যে মন্ত্রণালয় কর্তৃক ৭৫ টি আয়ের খাত চিহ্নিত করা হয়েছে, এর পাশাপাশি অন্য কোন আয়ের খাত থাকলে তার অর্থনৈতিক কোড ভিত্তিক তথ্য সকল বাজেট ইউনিট প্রেরণ করিবে। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে সার্বিক কার্যক্রম সমন্বয় করিবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে |
| (গ) | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটকে ২০২৪-২৫ অর্থবছর হতে পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে ০১ আগষ্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে ২০২৪-২৫ অর্থবছরের এপিপি, ১ম ও ২য় কোয়ার্টারের অর্থনৈতিক কোডভিত্তিক ব্যয় বিবরণী, আইবাস কপি প্রমাণকসহকারে প্রস্তাব প্রেরণ করতে হবে। আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর ৩য় ও ৪র্থ কোয়ার্টারের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৪। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (ঘ) | বাংলাদেশ রেলওয়ের বাজেট ইউনিট একীভূত বা সৃজনের লক্ষ্যে (ক) মহাব্যবস্থাপক পূর্ব/পশ্চিম দপ্তর এর প্রাতিষ্ঠানিক গুপ কোডভুক্ত আইন শাখা এবং প্রচারণা ও জনসংযোগ শাখা একীভূত করে পার্সোনাল শাখায়, (খ) কেন্দ্রীয়াঞ্চলের আওতাভুক্ত প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয় এর অধীন ০৪ টি বাজেট ইউনিট (ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট) কে একীভূতকরণ (গ) প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী এর অধীন ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট এ নতুন ০৪ টি নতুন বাজেট ইউনিট সৃজন (ঘ) চিফ কমান্ড্যান্ট, আরএনবি পূর্ব/পশ্চিম এর অধীন কমান্ড্যান্ট, ঢাকা ও চট্টগ্রাম/কমান্ড্যান্ট, পাকশী ও লালমনিরহাট এবং সহকারী কমানডেন্ট, সৈয়দপুর নামে মোট ০৫ টি নতুন বাজেট ইউনিট সৃজন (ঙ) বক্ষব্যাধি হাসপাতাল, চট্টগ্রাম নামে নতুন বাজেট ইউনিট সৃজন (চ) উর্ধ্বতন কল্যাণ কর্মকর্তা পূর্ব/পশ্চিম এর আওতাধীন বাংলাদেশ রেলওয়ের ১০ টি স্কুলের নতুন বাজেট ইউনিট সৃজন এর প্রস্তাব বিবেচনা করা হয়। চুড়ান্তভাবে বাজেট ইউনিট যৌক্তিকীকরণ (একীভূত বা সৃজন) কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক আদেশ, অর্থবিভাগ ও জনপ্রশাসনের জিও, জনবল বিবরণী, পৃথক বাজেট ইউনিট সৃজনের যৌক্তিকতা বিবরণ প্রমানকসহ ১০ (দশ) কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক(পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। সংশ্লিষ্ট বাজেট ইউনিট |
| (ঙ) | সকল মন্ত্রণালয় ও বিভাগের ন্যায় বাংলাদেশ রেলওয়ের অবসর ভাতা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অর্থ বিভাগ হতে পরিচালনা করার জন্য এ সংক্রান্ত অনুরোধ পত্র রেলপথ মন্ত্রণালয় হতে **২৩ অক্টোবর ২০২৪** তারিখ ২১৭ নং স্মারকে অর্থ বিভাগে প্রেরণ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগকে পুনরায় অনুরোধপত্র প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা |
| (চ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্ব-স্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যথাসময়ে বাজেট সভা না করার উপযুক্ত কারন ও ব্যখ্যা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে |
| (ছ) | বাজেট বাস্তবায়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট প্রধান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে নিয়মিতভাবে বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| (জ) | বাংলাদেশ রেলওয়ের যে সকল বাজেট ইউনিট রাজস্ব আয় ও পরিচালন ব্যয় সম্পর্কিত প্রতিবেদন, এপিপি, বিআইপি এবং জনবল, টিওএন্ডই, প্রশিক্ষণ, আউটসোর্সিং/টিএলআর সংক্রান্ত নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করেনি তাদের আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপযুক্ত কারন ব্যখ্যাসহ জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অনতিবিলম্বে চাহিত তথ্য প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। সংশ্লিষ্ট বাজেট ইউনিট |
| (ঝ) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিটকে ২০২৪-২৫ অর্থবছরের আউটসোর্সিং/টিএলআর সংখ্যা, প্রাপ্ত বরাদ্দের (পরিচালন ব্যয়- সাধারণ ও বিশেষ কার্যক্রম) আলোকে অর্থনৈতিক কোড উল্লেখপূর্বক ব্যয়বিবরণী প্রেরণ করতে হবে। ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি-জুন পর্যন্ত ০৬ (ছয়) মাসের চাহিদা অপ্রতুল হলে অব্যয়িত অর্থ হতে পুন:উপযোজন প্রস্তাব আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের আউটসোর্সিং/টিএলআর খাতে জনবল সংখ্যা, প্রাপ্ত বরাদ্দের উল্লেখপূর্বক তা অর্থ বিভাগের অনুমোদনের জন্য আগামী মার্চ/২০২৫ এর মধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৪। সংশ্লিষ্ট বাজেট ইউনিট |
| (ঞ) | উর্ধ্বতন কল্যাণ কর্মকর্তা পূর্ব/পশ্চিম এর আওতাধীন বাংলাদেশ রেলওয়ের ১০ টি স্কুলের ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি-জুন পর্যন্ত ০৬ (ছয়) মাসের ৩য় ও ৪র্থ কোয়ার্টার বাজেট বরাদ্দের পুনঃউপযোজন প্রস্তাব অনতিবিলম্বে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অর্থ বিভাগের অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৪। উর্ধ্বতন কল্যাণ কর্মকর্তা পূর্ব/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে |
| (ট) | বাংলাদেশ রেলওয়ের আয়-ব্যয় হিসাব নির্ধারণ পদ্ধতির কষ্ট এসেসমেন্ট বিষয়ে সচিব, রেলপথ মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা আহ্বানের জন্য অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |
| (ঠ) | আইবাস++ সিস্টেমে জটিলতায় হিসাব দেখা না গেলে ম্যানুয়ালে A-Challan এর কপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কর্তৃক সংরক্ষণ ও হিসাব নিয়মিতভাবে লেজারে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতি মাসে এর হিসাববিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |
| (ড) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার (এপিপি) খসড়া মে/২০২৫ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (ঢ) | রেলপথ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২৪) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র ৩০ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও<br>৩। বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট।<br>৪। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| (ণ) | বাজেট বাস্তবায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা অর্জনের লক্ষ্যে বাজেট সংক্রান্ত আইন ও আর্থিক বিধিবিধান, আর্থিক ক্ষমতা অর্পণ ও পিপিআর বিষয়কে নির্ধারণ করে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট ও মন্ত্রণালয়ের কর্মকর্তা সমন্বয়ে যথাশীঘ্র দিনব্যাপী একটি বাজেট সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা |

১০। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাই-কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২-০১-২০২৫

মোঃ ফাহিমুল ইসলাম
সচিব
৯৫৭৮১৯৯ (ফোন)
৭১১৫৫৯৯ (ফ্যাক্স)
secretary@mor.gov.bd

১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৪.০০.০০০০.০৩৪.২০.০০৬.২৪.২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [(দৃ:আ: যুগ্মসচিব (বাজেট-৫)]।

২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [(দৃ:আ: উপসচিব (নড়ডিক অধিশাখা)]।

৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্মপ্রধান, রেলপরিবহন উইং)।

৪। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ)।

৬। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৭। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৮। অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিপ্তর, কমলাপুর, ঢাকা।

১০। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

১১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৩। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১৪। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

১৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-২ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৬। সহকারী সচিব (বাজেট শাখা ১/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রনালয়, রেলভবন, ঢাকা।

১৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬-০১-২০২৫
মো: দুলাল মিঞা
সহকারী সচিব